বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ
বীর উত্তম এ কে খন্দকার সড়ক
৮৩-৮৮, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

মহান বিজয় দিবস-২০১৯ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি নির্ধারণের প্রেক্ষিতে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব ড. মোঃ আলী আকবর |
| তারিখ | : ০৩ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ |
| সময় | : বিকাল ৩:৩০ মি. |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) মহান বিজয় দিবস-২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে সরকারি কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক গত ১৩-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভায় আলোকপাত করেন। বিস্তারিত আলোচনান্তে মহান বিজয় দিবস-২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ও কার্যক্রম নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | মহান বিজয় দিবস-২০১৯ উদযাপন উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধ, সাভার-এ মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদ সদস্যসহ উর্দ্ধতন কর্মকর্তা ও জাতীয় পর্যায়ের সরকারি ও বিরোধী দলীয় নেতৃবৃন্দ গমন করবেন। এ প্রেক্ষিতে জয় রেস্তোরাঁ, সাভার-এর সার্বিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্নের বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | মহাব্যবস্থাপক (বাণিজ্যিক)-এর নেতৃত্বে পূর্বে গঠিত কমিটিতে মহাব্যবস্থাপক (বিক্রয় উন্নয়ন ও জনসংযোগ) এবং জনাব মো: শাহজাহান কবীর ইউনিট ব্যবস্থাপক, জয়, রেস্তোরাঁ-কে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠন করতে হবে। | প্রশাসন বিভাগ এ সংক্রান্ত আদেশ জারী করবে |
| ২. | প্রধান কার্যালয়সহ সকল বাণিজ্যিক ইউনিটে ১৬-১২-২০১৯ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে সঠিক বর্ণ ও আয়তনের জাতীয় পতাকা উত্তোলন করা প্রসঙ্গে। | মহান বিজয় দিবস-২০১৯ উদযাপন উপলক্ষ্যে সংস্থার প্রধান কার্যালয়সহ সকল বাণিজ্যিক ইউনিটে সঠিক আয়তন ও বর্ণের পতাকা উত্তোলনের বিষয়টি নিশ্চিত করতে হবে। প্রশাসন বিভাগ প্রধান কার্যালয়ের এবং বাণিজ্যিক বিভাগ ইউনিটসমূহের জন্য এ সংক্রান্ত অফিস আদেশ জারি করবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) |
| ৩. | সংস্থার প্রধান কার্যালয়সহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক ইউনিটের সম্মুখভাগে আলোকসজ্জা ও সকল বাণিজ্যিক ইউনিটের অঙ্গন পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। এছাড়া সকল বাণিজ্যিক ইউনিটসমূহ-কে স্থানীয় প্রশাসনের অনুষ্ঠানের সাথে সংগতি রেখে জাতীয় অন্যান্য কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের বিষয়ে আলোচনা করা হয়। | প্রধান কার্যালয়, হোটেল অবকাশ, জয় রেস্তোরাঁ, হোটেল শৈবাল, হোটেল সৈকত, রাজশাহী, রংপুর, বগুড়া, কুয়াকাটা ইউনিটের সম্মুখভাগে আলোক সজ্জাকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সকল বাণিজ্যিক ইউনিটসমূহ-কে স্থানীয় প্রশাসনের অনুষ্ঠানের সাথে সংগতি রেখে জাতীয় অন্যান্য কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাণিজ্যিক বিভাগ থেকে এ সংক্রান্ত অফিস আদেশ জারী করতে হবে। | মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) |
| ৪. | মহান বিজয় দিবস-২০১৯ উপলক্ষ্যে আয়োজিত গণভবন ও বঙ্গভবন সংশ্লিষ্ট জাতীয় অনুষ্ঠানসমূহে লজিস্টিক সাপোর্ট প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | মহান বিজয় দিবস-২০১৯ উপলক্ষ্যে গণভবন ও বঙ্গভবনে আয়োজিত অনুষ্ঠানসমূহে চাহিদা অনুযায়ী লজিস্টিক সাপোর্ট প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপক হোটেল অবকাশ/অধ্যক্ষ, এনএইচটিটিআই |

| | | | |
|---|---|---|---|
| ৫. | মহান বিজয় দিবস-২০১৯ উপলক্ষ্যে ১৬-১২-২০১৯ তারিখে জাতীয় স্মৃতিসৌধে বাপক এর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ এবং সাভার যাতায়াতের জন্য যানবাহন সরবরাহের বিষয়ে আলোচনা করা হয়। | মহান বিজয় দিবস-২০১৯ উপলক্ষ্যে ১৬-১২-২০১৯ তারিখে জাতীয় স্মৃতিসৌধে বাপক অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী ইউনিয়নসহ সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হবে। মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) কর্মকর্তা/ কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য পত্র জারি করবেন। নির্বাহী কর্মকর্তা (সাধারণ সেবা) কর্মকর্তা/কর্মচারীদের সাভারে যাতায়াতের জন্য পরিবহনের ব্যবস্থা করবেন। | মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)/সংশ্লিষ্ট কমিটি ও নির্বাহী কর্মকর্তা (সাধারণ সেবা) |
| ৬. | অনুষ্ঠান আয়োজনের ব্যয় নির্বাহের বিষয়ে সকলে উন্মুক্ত আলোচনা করেন। | সংস্থার সমাজকল্যান খাত হতে এ ব্যয় নির্বাহ করা হবে। ইউনিট ব্যবস্থাপক, জয় রেস্তোরাঁ, সাভার ব্যয়ের একটি প্রাক্কলন প্রস্তুত করে কর্তৃপক্ষের অনুমোদনের জন্য উপস্থাপন করবেন। | ইউনিট ব্যবস্থাপক, জয় রেস্তোরা, সাভার |

২॥ সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/১২/২০১৯

(ড. মোঃ আলী আকবর)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং-০০.০৩২.০২৩.২০.০১.০০৩.১৯৮১(১)/ ১৪৭৮

তারিখ: ৩-১২-২০১৯

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাব্যবস্থাপক/অধ্যক্ষ,------------------------(সকল), বাপক।
২। বিভাগীয় প্রধান-----------------------------(সকল), বাপক, ঢাকা।
৩। ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বাপক, ঢাকা।
৪। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক --------------------(সকল), বাপক।
৫। সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার্স এসোসিয়েশন, বাপক, ঢাকা।
৬। ব্যবস্থাপক (আইসিটি), প্রধান কার্যালয়, বাপক, ঢাকা।
৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (প্রশাসন ও অর্থ/ বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারী ইউনিয়ন, বাপক, ঢাকা।

( মোঃ শহিদুল ইসলাম ভূঞা)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)